# এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সভা
# ২০২০ সনের ৮ম সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ২০২০ সনের ৮ম (অষ্টম) সভা গত ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | মো: গোলাম ফারুখ<br>পরিচালক (কর্মসুচী বাস্তবায়ন ও মান উন্নয়ন) | সদস্য |
| ২. | মো: মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৩. | মো: ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ৪. | মো: শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৫. | মো: লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক (এমইএন্ডএল) | সদস্য |
| ৬. | এমআইএম জুলফিকার<br>প্রজেক্ট কো-অর্ডিনেটর, এসসিএমএফপি | সদস্য |

নৈতিকতা কমিটির সদস্য ও মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) ফওজিয়া তৌহিদ পূর্বনির্ধারিত কর্মব্যস্ততার কারণে সভায় অনুপস্থিত ছিলেন। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব তোয়ারিক্ক ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

## সভার আলোচ্যসূচী:

১. গত ৯/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৭ম সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

২. এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ক পর্যালোচনা (সূচক ২.৩, ২.৪, ৩.৩, ৩.৪, ৮.২, ১১.১, এবং ১২.১)।

৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ড. নাহিদ হোসেন এর আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী ২০২১ নাগাদ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রসঙ্গে।

৪. বিবিধ (যদি থাকে)।

## আলোচ্যসূচী-১ :

গত ৯/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৭ম সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

**আলোচনার সারসংক্ষেপ:**

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন গত ৯ অগষ্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০২০ সনের ৯ অগষ্ট এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

**সিদ্ধান্ত:**

৯/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

## আলোচ্যসূচী-২ :

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ক পর্যালোচনা (সূচক ২.৩, ২.৪, ৩.৩, ৩.৪, ৮.২, ১১.১, এবং ১২.১)।

**আলোচনার সারসংক্ষেপ:**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এ জেড এম সাখাওয়াত হোসেন এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সূচক ২.৩, ২.৪, ৩.৩, ৩.৪, ৮.২, ১১.১, এবং ১২.১ সংশ্লিষ্ট ২য় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ কমিটিকে অবহিত করেন যে সূচক ৩.৪ ব্যতীত সকল সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং সূচক ৩.৪ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ডিসেম্বর মাসের শেষভাগে অর্জিত হবে। উপস্থিত সকল সদস্যের মতামত ও বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

**সিদ্ধান্ত:**

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর সূচক ২.৩, ২.৪, ৩.৩, ৮.২, ১১.১, এবং ১২.১ সংশ্লিষ্ট ২য় প্রান্তিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং সূচক ৩.৪ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ডিসেম্বর মাসের শেষভাগে অর্জিত হবে।

**আলোচ্যসূচী-৩:**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ড. নাহিদ হোসেন এর আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী ২০২১ নাগাদ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রসঙ্গে।

**আলোচনার সারসংক্ষেপ:**

আলোচনার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ড. নাহিদ হোসেন এর আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী ২০২১ নাগাদ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ সংক্রান্ত পত্র (নং-৫৩.০০.০০০০.৪৩১.১৬.০০৯.১৯-৪১৪; তারিখঃ ২০ অঅগষ্ঠ ২০২০) সকল সদস্যের জ্ঞাতার্থে উপস্থাপন করেন। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক ও সভাপতি এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক বিষয়টি নিয়ে উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান এবং বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন ।

**সিদ্ধান্ত:**

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব জনাব ড. নাহিদ হোসেন এর আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী ২০২১ নাগাদ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী এসডিএফ এর এনজেএলআইপি প্রকল্প বাস্তবায়ন ও অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ উপলক্ষে সংশ্লিষ্ট সকল থিমেটিক প্রধানগণ প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**এ জেড এম সাখাওয়াত হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি